

“প্রবাসীর কল্যাণ, মর্যাদা -আমাদের অঙ্গীকার
স্মার্ট বাংলাদেশ গড়ায় তারাও সমান অংশীদার”

প্রবাসী কর্মীরা উন্নয়নের অংশীদার
সম্মত রাখব তাদের অধিকার

নং-বিসিজি(এইচকে)/লেবার উইং/১৭/২০১৬-৩৪০

তারিখঃ ১৩ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ

নোটিশ

বিষয়: “আন্তর্জাতিক অভিবাসী দিবস (International Migrant's Day) ২০২৩” ও
“জাতীয় প্রবাসী দিবস (National Expatriates' Day) ২০২৩” উদযাপন উপলক্ষ্যে
আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২৩” ও
“জাতীয় প্রবাসী দিবস ২০২৩” উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং কর্তৃক বিশেষ
সেবা সপ্তাহ (৩০ ডিসেম্বর ২০২৩ – ৫ জানুয়ারি ২০২৪) পালনসহ বিস্তারিত কর্মসূচি (সংযুক্ত) গ্রহণ করা
হয়েছে। হংকংস্থ প্রবাসী বাংলাদেশিদের সুবিধার্থে ইতঃপূর্বে ঘোষিত ১৮ ডিসেম্বর ও ৩০ ডিসেম্বরের পরিবর্তে
আগামী ২১ ডিসেম্বর ২০২৩ তারিখ, রোজ বৃহস্পতিবার বিকাল ৩.৩০ টায় কনস্যুলেটের হল রুমে
“আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২৩” ও “জাতীয় প্রবাসী দিবস ২০২৩” একযোগে উদযাপন করা হচ্ছে। উক্ত
অনুষ্ঠানে ২০২২-২৩ অর্থবছরে বাংলাদেশে বৈধ পথে রেমিট্যান্স প্রেরণকারী হংকংস্থ প্রবাসী বাংলাদেশিদের
(আবেদনকারীদের মধ্যে) কনস্যুলেট কর্তৃক “রেমিট্যান্স এ্যাওয়ার্ড ও সম্মাননা-২০২৩” প্রদান করা হবে।

উক্ত অনুষ্ঠানে সকলকে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ কর্মসূচি।



জাহিদুর রহমান
২০২৩/১০/১৩
কনসাল (শ্রম)

**“জাতীয় প্রবাসী দিবস ২০২৩” ও “আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২৩” উদযাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি
বিশেষ সেবা সপ্তাহ (৩০ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ - ৫ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ)**

তারিখ, সময় ও স্থান	কর্মসূচি
২১ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ, বৃহস্পতিবার বিকাল ৩.৩০ টা বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং	“জাতীয় প্রবাসী দিবস ২০২৩” ও “আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২৩” উদযাপন অনুষ্ঠান ১। আলোচনা সভাঃ প্রতিপাদ্য- “জাতীয় প্রবাসী দিবস ২০২৩” “প্রবাসীর কল্যাণ, মর্যাদা -আমাদের অঙ্গীকার স্মার্ট বাংলাদেশ গড়ায় তারাও সমান অংশীদার” প্রতিপাদ্য- “আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২৩” “প্রবাসী কর্মীরা উন্নয়নের অংশীদার সমুন্নত রাখব তাদের অধিকার” ২। ২০২২-২৩ অর্থবছরে বৈধপথে রেমিট্যান্স প্রেরণকারী হংকংস্থ প্রবাসী বাংলাদেশীদের “রেমিট্যান্স এ্যাওয়ার্ড ও সম্মাননা-২০২৩” প্রদান।
৩১ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ, রবিবার বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং সকাল ১১.৩০টা -দুপুর ১.০০ টা	হংকং এ কর্মরত বাংলাদেশী কর্মীদের সাথে বৈধ পথে রেমিট্যান্স প্রেরণ এবং “প্রবাস স্কিম” সম্পর্কে “উদ্বুদ্ধকরণ সভা” ও বৈধ পথে সর্বোচ্চ রেমিট্যান্স প্রেরণকারী কর্মীদের “রেমিট্যান্স এ্যাওয়ার্ড ও সম্মাননা-২০২৩” প্রদান।
১-৫ জানুয়ারি ২০২৪-(সোমবার-শুক্রবার) হংকং ও ম্যাকাও বিশেষ প্রশাসনিক অঞ্চল সকাল ৯.০০ টা - বিকাল ৫.০০টা	১। হংকংস্থ প্রবাসী বাংলাদেশীদের জন্ম সনদ, পাসপোর্ট, এন ভি আর সেবা প্রদান। ২। ম্যাকাও এ কর্মরত বাংলাদেশী কর্মীদের বৈধ পথে রেমিট্যান্স প্রেরণ এবং “প্রবাস স্কিম” সম্পর্কে উদ্বুদ্ধকরণ সভা। ৩। আগ্রহী বাংলাদেশী নাগরিকদের “প্রবাস স্কিম” এ রেজিস্ট্রেশন সম্পাদনে সহযোগিতা। ৪। হংকং ও ম্যাকাও এ অবস্থানরত প্রবাসী বাংলাদেশী কর্মীদের কর্মসংস্থান সংক্রান্ত এবং কর্মস্থলের বিভিন্ন সমস্যার সমাধানে কর্মীদের সাথে মতবিনিময়। ৫। হংকং ও ম্যাকাও এ কর্মরত কর্মীদের পাসপোর্ট, ভিসার মেয়াদ বৃদ্ধি ও ইমিগ্রেশন সহায়তা সংক্রান্ত সেবা প্রদান। ৬। হাসপাতাল ও জেলখানা পরিদর্শন। ৭। প্রবাসী কর্মীদের ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের বিভিন্ন সুযোগ সুবিধা সম্পর্কে অবহিত করণ। ৮। অসুস্থ ও বিপদগ্রস্ত এবং মামলার শিকার কর্মীদের আর্থিক/ আইনগত সহায়তা প্রদান। ৯। হংকংস্থ প্রবাসী নারী কর্মীদের অধিকার ও স্বার্থ সংরক্ষণের বিষয়ে হংকংস্থ এমপ্লয়মেন্ট এজেন্সিদের সাথে মতবিনিময়।